



করোনা ভাইরাস (COVID-19)-এর তথ্য এবং স্কুল-অভিভাবক ও শিক্ষার্থীদের জন্য তথ্য

অস্ট্রেলিয়ার সকল সরকার- ফেডারেল, স্টেট ও টেরিটোরি সরকার - শিক্ষার গুরুত্ব স্বীকার করেন এবং বিশ্বব্যাপী COVID-19 মহামারীর সময়ে শিক্ষার্থীদের শিক্ষায় সহায়তা দেবার জন্য প্রতিজ্ঞাবদ্ধ।

স্টেট ও টেরিটোরি সরকারগণ এবং বেসরকারী বিভাগ কর্তৃপক্ষগণ তাঁদের স্কুলগুলোর নিয়ন্ত্রণে ও প্রায়োগিক সিদ্ধান্ত নেবার ব্যাপারে দায়বদ্ধ। COVID-19 এর ব্যাপারে আপনার এলাকার স্কুলগুলো কীভাবে সাড়া দিচ্ছে তা জানতে অনুগ্রহ করে প্রথমেই আপনার স্কুলের সাথে যোগাযোগ করুন, এবং আপনার স্টেট ও টেরিটোরি সরকারের পরামর্শ মেনে চলুন। স্টেট ও টেরিটোরি সরকারের শিক্ষা বিষয়ক ওয়েবসাইটগুলো নিচে দেয়া হলোঃ

[অস্ট্রেলিয়ান ক্যাপিটাল টেরিটোরি](#)

[নিউ সাউথ ওয়েলস](#)

[নর্দার্ন টেরিটোরি](#)

[কুইন্সল্যান্ড](#)

[সাউথ অস্ট্রেলিয়া](#)

[তাসমানিয়া](#)

[ভিক্টোরিয়া](#)

[ওয়েস্টার্ন অস্ট্রেলিয়া](#)

স্টেট ও টেরিটোরি সরকারগণ সম্মত হয়েছেন যে COVID-19 এর ব্যাপারে স্কুলগুলোতে কীভাবে সাড়া দিতে হবে সে সম্পর্কে সিদ্ধান্ত নিতে স্কুলগুলোকে বিশেষজ্ঞ, সরকারি কর্মকর্তা, জাতীয় ও স্টেট ভিত্তিক গণস্বাস্থ্য ও শিক্ষা উপদেশ দ্বারা অবগত থাকা চালিয়ে যেতে হবে।

স্কুলগুলোতে COVID-19-এর সংক্রমণের সম্ভাব্য ঝুঁকি কমানো

২৪শে এপ্রিল ২০২০ তারিখে, অস্ট্রেলিয়ান হেলথ প্রোটেকশন প্রিন্সিপাল কমিটি (Australian Health Protection Principal Committee AHPPC) [স্বাস্থ্য উপদেশ](#) উন্মোচন করেছেন স্কুলগুলোতে COVID-19-এর সংক্রমণের সম্ভাব্য ঝুঁকি কমানোর ব্যাপারে। এই বাস্তবিক দিকনির্দেশনা ও উপদেশ স্কুল লিডারদের জন্য প্রস্তুত করা হয়েছে যাঁরা শিশু, অভিভাবক, শিক্ষক এবং সহায়তা কর্মীদের সাথে জড়িত, আরো পরবর্তীতে বিশ্বব্যাপী COVID-19 মহামারীর সময়ে Coronavirus (COVID-19)-এর তুলনামূলকভাবে অল্প ঝুঁকিও কমানোতে সহায়তা করার জন্য।

সারাংশে যেসব বিষয়ে বিবেচনা করতে হবে সেগুলো হলোঃ

- **অভিভাবকদের জন্যঃ** আপনার শিশু যদি অসুস্থ হয়, তারা অবশ্যই স্কুলে যাবে না। তাদেরকে আপনি অবশ্যই বাড়িতে ও অন্যদের থেকে দূরে রাখবেন। যখন স্কুলে যাবেন অন্যান্য অভিভাবক ও শিক্ষকদের থেকে শারীরিক দূরত্ব বজায় রাখার ব্যাপারটি মনে রাখবেন এমনকি শিশুদেরকে স্কুলে দেয়া ও স্কুল থেকে নিয়ে যাবার সময়েও।
- **শিশুদের জন্যঃ** যদি অসুস্থ বোধ করো তাহলে তোমাদের মা-বাবা, অভিভাবক বা শিক্ষককে বলো।
- **শিক্ষকদের জন্যঃ** অসুস্থ বোধ করলে বা আপনি যদি অরক্ষিত মানুষের শ্রেণীতে পড়েন তবে কাজে আসবেন না
- **সকল প্রাপ্তবয়স্কদের জন্যঃ** স্কুলের পরিবেশে প্রাপ্তবয়স্কদের মাঝেই সংক্রমণ হবার ঝুঁকি সবচেয়ে বেশি। সবচেয়ে বেশি গুরুত্বপূর্ণ হলো শিক্ষক ও অভিভাবকরা নিজদের থেকে ও অন্যান্যদের থেকে যেন শারীরিক দূরত্ব বজায় রাখেন।

স্বাস্থ্যবিধি বা পরিষ্কার পরিচ্ছন্নতা

শিক্ষার্থীদেরকে মনে করিয়ে দেয়া হচ্ছে যেঃ

- তোমরা খাবার আগে ও পরে এবং টয়লেটে যাবার পরে সাবান ও পানি দিয়ে হাত ধোবে।
- হ্যান্ড স্যানিটাইজার ব্যবহার করবে
- তোমার কাশি ও হাঁচি তোমার কনুই বা টিসু দিয়ে ঢেকে রাখো (হাত দিয়ে না)।
- তোমার ব্যবহৃত টিসু সরাসরি বিনে ফেলে দাও এবং হাত ধুয়ে ফেলো।
- তোমার মুখে হাত না দিতে চেষ্টা করো
- অন্যদের হাত ধরবে না, বা হ্যান্ডশেক করবে না।
- তোমার থেকে অন্যদের সাথে সাধারণের চেয়েও বেশি দূরত্ব রাখতে চেষ্টা করবে
- সারিবদ্ধভাবে দাঁড়নো এড়িয়ে চল
- যদি উদ্ভিগ্ন বোধ করো তবে অন্যদের কাছ থেকে সাহায্য চাও।

সিনিয়র সেকেন্ডারি ব্যবস্থা এবং বিশ্ববিদ্যালয়ে ভর্তি

৭ই এপ্রিল, ২০২০ তারিখে স্টেট ও টেরিটোরির মন্ত্রীগণ সম্মত হয়েছেন যে সিনিয়র সেকেন্ডারি শিক্ষার্থীরা (ইয়ার ১২ -এর শিক্ষার্থী) এ বছর সিনিয়র সেকেন্ডারি সার্টিফিকেট অফ এডুকেশন নিতে সক্ষম হবেন, এবং সেই সার্টিফিকেটটি বিশ্ববিদ্যালয়, অধিকতর শিক্ষা ও চাকুরীতে প্রবেশের পথ সহজতর করবে।

NAPLAN

২০শে মার্চ ২০২০ তারিখে, শিক্ষা মন্ত্রীগণ সিদ্ধান্ত নিয়েছিলেন যে ২০২০ সালে NAPLAN অনুষ্ঠিত হবে না। ১২ই মে' থেকে ২২শে মে' ২০২০ তারিখের মধ্যে NAPLAN - এর সময়সূচী নির্ধারিত ছিলো।

শিক্ষার্থীদের কল্যাণ ও শিক্ষা প্রদান চালিয়ে যাওয়াকে কেন্দ্রবিন্দুতে রেখে স্কুলের নেতা, শিক্ষকদের সাহায্য করা এবং কর্মীদের সহায়তা প্রদান করতে ২০২০সালে NAPLAN অনুষ্ঠিত না হবার সিদ্ধান্তটি নেয়া হয়।

NAPLAN একটি জাতীয় মূল্যায়ন পদ্ধতি যা শিক্ষার্থীদের যোগ্যতাকে তিনটি ক্ষেত্রে পরীক্ষা করে- পঠন, লিখন ও ভাষার রীতি (বানান, ব্যাকরণ ও যতিচিহ্ন সন্নিবেশ) -এবং গণিত। সকল স্টেট ও টেরিটোরির স্কুলগুলো ২০০৮ সালের মে' মাস থাকে শুরু করে প্রতি বছর NAPLAN পরিচালনা করে আসছে।